

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ শাখা
www.lgd.gov.bd

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.১৬৭.২৪.৯৪৮

তারিখ: ২৫ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ
১০ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ


বিষয়: রিট পিটিশন নং ১০০৭৪/২০২৪ মোকদ্দমায় বিজ্ঞ আদালত কর্তৃক প্রদত্ত রুলের নির্দেশনা মোতাবেক পিটিশনারের গত ১৫.০৮.২০২৪ খ্রি. আবেদনটি নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে সংশ্লিষ্ট রুলের কপি প্রেরণ।

সূত্র: হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং ১০০৭৪/২০২৪-এর ২০/০৮/২০২৪ খ্রি. তারিখের রুল।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম জেলার পাঁচলাইশ উপজেলার পাঁচলাইশ মৌজাস্থিত তফসিলভুক্ত জমি [আর.এস খতিয়ান নং-৯৮১, আর.এস দাগ নং-৪০৭৭/৪৮৩৭/৪০৬৬/৪৮৩৬, বি.এস খতিয়ান নং-৫২০/১, বি.এস দাগ নং ১৩০৯৪]-এর ইজারা চুক্তি নবায়নের প্রার্থনার্থে পিটিশনার শেখ মোহাম্মদ সাইফুল্লাহ গত ১৫/০৮/২০২৪ খ্রি. তারিখে চেয়ারম্যান, জেলা পরিষদ, চট্টগ্রাম বরাবর আবেদন করেন। উক্ত আবেদনের বিষয়ে কোনো ব্যবস্থা গৃহীত না হওয়ায় পিটিশনার সংক্ষুব্ধ হয়ে রিট পিটিশন নং ১০০৭৪/২০২৪ দায়ের করেন। বিবেচ্য মোকদ্দমায় মাননীয় হাইকোর্ট বিভাগ গুনানি অস্ত্রে রুল ইস্যুসহ প্রতিপক্ষগণের প্রতি কারণ দর্শানোর আদেশ দেন। এ মোকদ্দমায় স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়কে ১নং প্রতিপক্ষসহ মোট ০৪ জনকে প্রতিপক্ষ করা হয়েছে।

২। এমতাবস্থায়, রিট পিটিশন নং ১০০৭৪/২০২৪ মোকদ্দমায় বিজ্ঞ আদালত কর্তৃক প্রদত্ত রুলের নির্দেশনা মোতাবেক পিটিশনারের গত ১৫.০৮.২০২৪ খ্রি. আবেদনটি নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ মোকদ্দমার রুলের কপি নির্দেশক্রমে এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে.....পাতা।



১০-১১-২০২৪
মোহাম্মদ নাহিদ ইসলাম
উপসচিব
০২৫৫১০০৯৯৫
lglaw1@lgd.gov.bd

প্রশাসক, জেলা পরিষদ, চট্টগ্রাম।

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.১৬৭.২৪.৯৪৮/১(৪)

তারিখ: ২৫ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ
১০ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ;
- ২। উপসচিব, জেলা পরিষদ শাখা, স্থানীয় সরকার বিভাগ;
- ৩। প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ এবং

৪। ব্যক্তিগত কর্মকর্তা, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ।



ইসলাম
১০-১১-২০২৪
মোহাম্মদ নাহিদ ইসলাম
উপসচিব